মোকাম জেলা-নদীয়া, নবদ্বীপ সিভিল জজ, জুনি. ডি.ভি. আদালত

টি.এস. ১৫৮/২০২৫

**বাদী :-** **১) শ্রী পলাস দাস** বয়স-৪০ বছর
পিতা মৃত সুভাষ দাস
**২) সুমিত্রা দাস বয়স-৩১ বছর**
স্বামী পলাশ দাস
সাং-প্রাচীন মায়াপুর অরবিন্দ পল্লী
পো ও থানা:- নবদ্বীপ, জেলা নদীয়া

**-বনাম-**

**বিবাদী :-** **১) শ্রী মতি শান্তি রানি দাস,** বয়স আনুমানিক-৬৫ বছর
পিতা মৃত সুভাষ দাস
**২) শ্রীকৃষ্ণ সাহা পিতা অজ্ঞাত**
উভয়ের সাং-প্রাচীন মায়াপুর,অরবিন্দ পল্লী
পো ও থানা:- নবদ্বীপ, জেলা নদীয়া

চিরস্থায়ী নিষেধাজ্ঞা বাবদ নালিশের দাবী ১০০/- টাকা।

**বাদী নিবেদন করেন যে,**

১) ১ নং বিবাদী ১ নং বাদীর মাতা ও ২ নং বাদির শাশুড়ী হইতেছেন এবং ১ নং বিবাদী নিম্ন তপশিল বর্নিত সম্পত্তির স্বত্ত্ববান ও দখলিকার হইতেছেন। তপশীল বর্নিত সম্পত্তি বাদীর পিতা ও বিবাদীর স্বামী সুভাষ দাস তাহার আয়ের অর্থে ১ নং বিবাদীর নামে সম্পত্তি খরিদ করেন এবং ১ নং বিবাদী তাহার নিজ নামে উক্ত সম্পত্তি এর আর রেকর্ড ভুক্ত করিয়া উক্ত সম্পত্তিতে স্বামিকে লইয়া বসবাস করিতে আরাম্ভ করেন।

২) ১নং বিবাদী তাহার স্বামীকে লইয়া নালিশী সম্পত্তিতে বসবাস করিতে আরাম্ভ করা কালে তাহার পুত্র অর্থ্যাৎ ১ নং বাদীর জন্ম হয় এবং ১ নং বাদীর আর দুই বোন যথাক্রমে রাধা রানি দাস স্বামী ভক্ত দাস ও জয়ন্তী মন্ডল স্বামী পরেশ মন্ডল এই সম্পত্তিতে জন্ম গ্রহন করে এবং এই সম্পতিতে তিন ভাই বোন বড় হয় ও তাহাদের এই সম্পত্তি হইতে বিবাহ দেন। ১ নং বাদী গত প্রায় ১৬ বছর আগে নালিশী সম্পত্তিতে বিবাহ করেন এবং বিবাহের পর শশুর বাড়ি হইতে বেশ কিছু নগদ

টাকা আর্থিক সহোযোগিতা পান এবং সেই টাকায় ১ নং বাদী নালিশী তপশীল বর্নিত সম্পত্তির একতল গৃহের উপড় দ্বিতল গৃহাদি করেন এবং দ্বিতলে নিজ নামে ইলেক্ট্রিক কানেকসান লইয়া স্ত্রীকে লইয়া বসবাস করিতে আরাম্ভ করেন। এবং নালিশী সম্পত্তিতে তাহাদের একটি কন্যা সন্তান জন্ম গ্রহন করেন যাহার নাম ইন্দ্রানী দাস বয়স-১৫ বছর এবং পুত্র ইন্দ্রনীল দাস বয়স-১২ বছর। ১ নং বিবাদীর স্বামী জীবিত থাকা অবস্থায় ১ নং বিবাদী ২ নং বিবাদীর সহিত বিবাহ বহিভুত সম্পর্কে জড়িয়ে পরেন এবং এই কারনে ১ নং বিবাদীর স্বামি মানসিক অবসাদে ভুগিতে থাকেন এবং পরবর্ত্তিতে অসুস্থ হইয়া মারা যান তাহার মৃত্যুর পর ১নং বিবাদী উক্ত ২ নং বিবাদী শ্রীকৃষ্ণ সাহার সহিত গত ২০২১ সাল হইতে নালিশী সম্পত্তির একতলের গৃহে স্বামী স্ত্রী রুপে বসবাস করিতে আরাম্ভ করেন। ১ নং বিবাদীর ৪ কাঠা জায়গার মধ্যে ২ কাঠা জায়গা ১ নং বিবাদী ২ নং বিবাদীর নামে হস্থান্তর করেন ও তাহার নামে দলিল করিয়া দেন। ১ নং বাদী ও তাহার স্ত্রী ২ নং বাদী এই সকল বিষয়ে প্রতিবাদ করিলে বিবাদীদ্বয় বিভিন্ন ভাবে বাদীদ্বয়কে অত্যাচার করিতে আরাম্ভ করে যাহাতে বাদীরা এই সম্পত্তি ছাড়িয়া চলিয়া যাইতে বাধ্য হয় এবং ১ নং বিবাদী এই সম্পত্তি বিক্রয় করিয়া উক্ত শ্রীকৃষ্ণ সাহার সহিত অনত্র জায়গা কিনিয়া নিশ্চিন্তে বসবাস করিতে পারেন। গত দুই তিন মাস যাবৎ বাদীদ্বয়কে নালিশী সম্পত্তি হইতে গায়ের জোড়ে উচ্ছেদ করিবার জন্য ১ ও ২ নং বিবাদী বিভিন্ন ভাবে অত্যাচার করিয়া আসিতেছেন। বাদিরা ও তাহাদের সন্তানদ্বয় এক তলের পায়খানা বাথরুম ব্যবহার করেন কারন দ্বিতলে তাহাদের কোন পয়খানা বাথরুম নাই। সেই কারনে বাদীদের উচ্ছেদ করিবার জন্য বিবাদীরা নিচ তলের পায়খানা ও বাথরুমে তালা দিয়া রাখেন যাহাতে বাদী ও তাহার পরিবাদের লোকজন তাহাদের পায়খানা বাথরুম ব্যবহার করিতে না পারেন এবং এই ভাবে তাহাদের নালিশী সম্পত্তি হইতে উচ্ছেদ করিবার চেষ্টা করিতেছে।

৩) গত ইং-০২-০৮-২০২৫ বাদীরা বিবাদীদের উক্ত পায়খানা ও বাথরুমের তালা খুলিতে বলিলে এবং সর্বদা খুলিয়া রাখিতে বলিলে বিবাদীরা অত্যান্ত রাগান্তিত হইয়া উঠে এবং বাদীদ্বয়কে অশ্লিল ভাষায় গালগাল করে এবং বলে যে তাহারা তালা খুলিবে না এবং আরো বলে যে তাহারা তাহাদের এই সম্পত্তি হইতে গায়ের জোড়ে তুলিয়া দিয়া তবে ছাড়িবে এবং আরও বলেন এই সম্পত্তিতে বাদীদের থাকতে দেবে না। বাদীরা তাহার উক্ত কথার প্রতিবাদ করিলে বিবাদীরা বাদীদ্বয়কে মারতে আসে এবং ২ নং বাদীকে চুলের মুঠি ধরে মারধর করে তাহাতে ২ নং বাদী আঘাত প্রাপ্ত হয়। বাদী বিবাদীর বিরুদ্ধে নবদ্বীপ থানায় অভিযোগ জানাইতে গেলে আদালতে যাইবার পরামর্শ দেন এবং পরে বিবাদী তাহা জানিতে পাড়িয়া আরও ভয়ঙ্কর হইয়া উঠেন এবং বাদীদের উক্ত সম্পত্তি হইতে উচ্ছেদ করিবার জন্য উঠে পড়ে লাগেন তখন পাড়ার লোকজন জড়ো হইলে ও বাদীর বাধায় তাহারা আপাততঃ উক্ত বেআইনী কাজ হইতে বিরত হন।বাদীদের নালিশী সম্পত্তির দ্বিতলের দখলীকৃত বসবাসের গৃহাদি ছাড়া আর অন্য কোন জায়গায় সম্পত্তি বা বসবাসের ব্যবস্থা বা স্থান নাই।

৪) বিবাদীরা শুধুমাত্র গায়ের জোড়ে বাদীদের দখলীয় তপশিল বর্নিত দ্বিতল গৃহ হইতে উচ্ছেদ করিয়া বাদীদের দখলীকৃত গৃহের সম্পত্তি দখল করিয়া লইবার চেষ্টা করিতেছেন। বাদীরা অন্য কোনো উপায় না পাইয়া মাননীয় আদালতের স্বরনাপন্য হইলেন। আদালত হইতে বিবাদীদের বিরুদ্ধে চিরস্থায়ী নিশেধাঞ্জা না হইলে বিবাদিরা গায়ের জোড়ে শান্তিপ্রীয় আইন মান্যকারী বাদীদের স্বত্ত্ব দখলীয় নিন্ম

Palash Das
পলাশ দাস
[signature]

তপশিল বর্নিত সম্পত্তি হইতে উচ্ছেদ করিয়া দিয়া তাহারা সম্পত্তি দখল করিয়া লইবেন। এবং তাহা হইলে বাদীর অপুরনীয় ক্ষতি হইবে।

৫) আদালতের ব্যাপাধিওকার ও রসুম নির্নয়ার্থে বর্তমান মোকর্দ্দমায় ১০০/- টাকার তায়দাদে রসুম প্রদান করিয়া বাদী এই মোকদ্দমা দাখিল করিয়া প্রার্থনা করেন যে ঃ-

ক) বাদীদের তপশীল বর্নিত সম্পত্তির দ্বিতল গৃহের দখলীকার মর্মে প্রচারের ডিক্রী দিতে আঞ্জা হয়।

খ) বিবাদীরা, যাহাতে বাদীদ্বয়কে নালিশী সম্পতির দখলীকৃত দ্বিতল গৃহ শান্তিপূর্ন ভোগ দখলে বাধা বিঘ্ন সৃষ্টি করিতে না পারেন এবং যাহাতে বাদীদের দখলীকৃত দ্বিতল গৃহে প্রবেশ করিয়া গায়ের জোড়ে বাদীদের দখলীয় গৃহ হইতে তাহাদের উচ্ছেদ করিয়া বাদীদের গৃহাদি দখল লইতে না পারে সেই মর্মে বাদীদ্বয় পক্ষে বিবাদীদের বিরুদ্ধে চিরস্থায়ী নিশেধাঞ্জার ডিক্রী দিতে আঞ্জা হয়।

গ) বাদীদের দখলীকৃত দ্বিতল গৃহাদি সহ বিবাদীরা যাহাতে নালিশি সম্পত্তি অন্য কাহাকেও বিক্রয় করিতে না পারেন তাহার মর্মে বাদীদের অনুকুলে বিবাদীদের বিরুদ্ধে চিরস্থায়ী নিষেধাঞ্জার ডিক্রি দিতে আঞ্জা হয়।

গ) আইন ও ইকুইটি মুলে বাদী আর যে সকল প্রতিকার পাইতে পারে তন্মর্মে বিবাদি গনের বিরুদ্ধে ডিক্রী দিতে আঞ্জা হয়।

ঘ) মোর্কদ্দমার খরচাদি বাবদ ডিক্রী দিতে

**তপশীল**

জেলা-নদীয়া, থানা নবদ্বীপ নবদ্বীপ পৌর সভার অর্ন্তগত ৫ নং ওয়ার্ডের অধিন মাথাপুর রোডস্থ ভুক্ত সম্পত্তি।

| মৌজা | খত্তিয়ান নং | দাগ নং | রকম | পরিমান |
|---|---|---|---|---|
| ৫নং রুদ্র পাড়া | এল.আর-৫৯১২ | এল.আর-৬২৯১ | বাড়ি | ৩.৩০ শতক |

NOTARY S. Ghosh Nabadwip, Nadia Regn. No. 153 / 2024 GOVERNMENT OF WEST BENGAL

**হলফনামা**

আমি **শ্রী পলাশ দাস** পিতা **মৃত সুভাষ দাস** বয়স-৪০ বছর বছর জাতি হিন্দু পেশা-শ্রমিক, সাং-প্রাচীন মায়াপুর, অরবিন্দ পল্লী, পো ও থানা:- নবদ্বীপ, জেলা নদীয়া এই হলফ নামা করিয়া প্রতিজ্ঞা পুর্বক কহিতেছি যে:-
আমি এই মামলার ১ নং বাদী হইতেছি আমি নিজে ও ২ নং বাদীর পক্ষে এই হলফনামা করিতেছি। উপরোক্ত সমস্ত বিবরন আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য জানিয়া অদ্য সহি সম্পাদন করিলাম।

Sl. 99 Date.- 06.08.2025
Solemnly affirm before me on
Identification of Advocate / Clerk
S. Ghosh
Sulekha Ghosh
Notary
Govt. of West Bengal
Regn. No.-153 / 2024
Nabadwip, Nadia

Palash Das
Deponent
Identified by me
Sanat Kumar Ray
Advocate
6/8/25

0 6 AUG 2025